২৫

দৈনিক সংবাদ

তারিখ JUL 29 1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

শেরপুর সরকারি কলেজ বন্ধ

# ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ, আহত ২০

শেরপুর থেকে সংবাদদাতা ঃ শেরপুর সরকারি কলেজে বুধবার ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে ব্যাপক সংঘর্ষে ২০ জন আহত হয়েছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য টিয়ার গ্যাস নিক্ষেপ করে। কলেজ কর্তৃপক্ষ সম্ভাব্য গুরুতর সংঘাত এড়াতে আগামী ২রা আগস্ট পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করেছে।

ছাত্রদল ও ছাত্রলীগের সঙ্গে সংঘর্ষ শুরু হলেও পরে তা শহরের মীরগঞ্জ ও বাগড়াকসা মহল্লায় ছড়িয়ে পড়ে। এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। এলাকায় পুলিশি টহল জোরদারসহ অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, ছাত্রলীগের ভিপি বায়েজিদ ও কর্মী পনির বেলা ১১টার দিকে কলেজে আসলে জেলা ছাত্রদলের নেতা জিতেন্দ্র মজুমদার ও তার সঙ্গীরা পূর্ব শত্রুতার জের ধরে তাদেরকে আক্রমণ করলে সংঘর্ষ বাধে। এ সংবাদ শহরে ছড়িয়ে পড়লে ভিপির মীরগঞ্জ এলাকার লোকজনসহ ছাত্রলীগ কর্মীরা সশস্ত্র অবস্থায় এগিয়ে আসে। ছাত্রদল ও বাগড়াকসা মহল্লার লোকজনও অস্ত্রশস্ত্রসহ সংঘবদ্ধ হলে উভয়পক্ষে ব্যাপক ককটেল চার্জ, লাঠিসোঁটা, ইটপাটকেল নিক্ষেপ ও গুলি বিনিময় হয়। বেলা সাড়ে ৩টা থেকে বাসস্ট্যান্ড থেকে তিনানী বাজার মোড় পর্যন্ত সংঘর্ষ চলতে থাকে। ছাত্রদল কর্মী আজিম (২১), জাহাঙ্গীর (৩৫), মনি (১৯), কালু (১৭) আহত হলে সদর হাসপাতালে ভর্তি করা হয়। ইমানকে (২৮) ঢাকায় এবং মীরগঞ্জ মহল্লার সুরুজ (৩০), কামাল (২০), আনিস (২৬), পনির (২৫), সিরাজ (২৭), কুমার (৩০), গোলাম মাওলাকে (৬০) জামালপুরে চিকিৎসার জন্য পাঠানো হয়।